Desktop/cpo new doc

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন

বিএসইসি ভবন

১০২, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫ ।

সূত্র ঃ ৩৬.৯৩.০০০০.০১৬.০২.১৭-২০৭৪

তারিখ ঃ ১৪-০১-২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশনের নিয়ন্ত্রণাধীন ঢাকা, টংগী ও চট্টগ্রামে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	সর্বোচ্চ বয়সীমা (১৮-৩০)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫	৬
১	সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/তড়িৎ/পুর)	২০	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী/সমমানের বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা প্রকৌশল কাজে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী/সমমানের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ।
২	সহকারী প্রোগ্রামার	০৫	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর বিএসসি ইন কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং/আইসিটি/ সমমান । (ক) কম্পিউটার প্রোগ্রামিং এর ক্ষেত্রে প্রণীত Apititude Test-উত্তীর্ণ হতে হবে । (খ) যে কোন স্বীকৃত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে ।
৩	হিসাবরক্ষণ কর্মকর্তা/নিরীক্ষণ কর্মকর্তা/শেয়ার কর্মকর্তা	০৭	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	৩০ বৎসর	কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বা ব্যবসায় প্রশাসনে ২য় শ্রেণীর বা সমমানের স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতোকোত্তর ডিগ্রী ।
৪	শাখা কর্মকর্তা প্রশাসন/ক্রয়/বিক্রয়/নিরাপত্তা/আইন)	০৬	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	৩০ বৎসর	(ক) কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর বা সমমানের স্নাতক সম্মানসহ স্নাতোকোত্তর ডিগ্রী । (খ) আইন কর্মকর্তার ক্ষেত্রে আইন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রযোজ্য হবে ।
৫	উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক/তড়িৎ/পুর)	১৬	১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	৩০ বৎসর	স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণী/সমমানের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ।
৬	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা/ নিরীক্ষণ কর্মকর্তা/শেয়ার কর্মকর্তা	০৭	১২৫০০-৩২২৪০/- গ্রেড-১১	৩০ বৎসর	কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বা ব্যবসায় প্রশাসনে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ০৪ বছরের বাস্তব অভিজ্ঞতা অথবা দ্বিতীয় শ্রেণীর সংশ্লিষ্ট বিষয়ে স্নাতোকোত্তর ডিগ্রী ।
৭	সহকারী কর্মকর্তা (প্রশাসন/ক্রয়/বিক্রয়/নিরাপত্তা/আইন)	১০	১২৫০০-৩২২৪০/- গ্রেড-১১	৩০ বৎসর	(ক) কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ ০৪ বছরের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা অথবা দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএ সহ স্নাতোকোত্তর ডিগ্রী । (খ) আইন কর্মকর্তার ক্ষেত্রে আইন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রযোজ্য হবে ।

বিশেষ দ্রষ্টব্য ঃ বর্ণিত পদগুলোতে আবেদনের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয় ।

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। সকল পদের জন্য প্রার্থীদের বয়স ০১-১২-২০১৭ তারিখে ১৮-৩০ বছরের মধ্য হতে হবে । তবে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধি কোটার ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর বয়স ১৮ (আঠারো) হতে ৩২ (বত্রিশ) বছরের মধ্য হতে হবে । বয়স প্রমানের ক্ষেত্রে এসএসসি সনদের জন্ম তারিখ গণ্য করা হবে । বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

৩। নিয়োগের ক্ষেত্রে বিএসইসি'র প্রবিধানমালা এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা অনুসরণ ও সংরক্ষণ করা হবে।

৪। অসম্পূর্ণ/ভূল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। কোন প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

৮। কোন কারন দর্শনো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল ও এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ কে http://bsec.teletalk.com.bd -এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

১০। অনলাইনে (Online) আবেদনের সময়সীমা ও পদ্ধতি নিম্নরূপ

(ক) ২৫-০১-২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ২২-০২-২০১৮ তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই শেষ করতে হবে।

(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টা SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(ঘ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel, (Jpg Format), File size maximum 60 kb ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel, (Jpg Format), File size maximum 100 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(চ) SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান ঃ

অনলাইন আবেদনপত্রের (Application Form) যতাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবে। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক **SMS** এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে।

প্রথম SMS ঃ BSEC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS ঃ BSEC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবেনা।"

(ছ) প্রবেশপত্র (Admit Card) ঃ

প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsec.teletalk.com.bd অথবা বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) এর Web-address http://bsec.gov.bd-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরন করা বাঞ্ছনীয়। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গীন) করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

1) User ID জানা থাকলে BSEC<space>Help<space>User ID & Send to 16222.

Example ঃ **BSEC HELP USER ABCDEF**

11) PIN Number জানা থাকলে BSEC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example ঃ **BSEC HELP PIN 12345678**

১১। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে ও বিএসইসি এর ওয়েব সাইট http://bsec.gov.bd এর মাধ্যমে জানানো হবে।

১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমানের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন/জমা দিতে হবে ঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সকল সনদের ফটোকপি (তিন সেট) ও চার কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত জমা দিতে হবে।

(খ) সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট।

(গ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশন এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলির কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট।

(ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি ও সত্যায়িত কপি প্রর্দশন করতে হবে।

(ঙ) প্রার্থীর পিতা/মাতা মুক্তিযোদ্ধা হলে এর প্রমাণস্বরুপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র/সাময়িক সনদপত্র।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার-পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীকে তার পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)এর মুক্তিযোদ্ধা সনদপত্র (যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে)। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ছ) উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/স্থানীয় সরকার কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র।

(জ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারী/স্বায়ত্বশাষিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ঝ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্র সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

(ঞ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাষিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

(মোঃ মোফাজ্জল হোসেন খান)
প্রধান ব্যক্তিপ্রশাসন কর্মকর্তা (অতিঃ দায়িত্ব)